

18 জুন, 2025

প্রিয় পরিবারবর্গ,

আমাদের স্কুলগুলো আপনাদের ছেলেমেয়েদের উপস্থিতিতে আরও ভালো স্থানে পরিণত হয়—আর আমাদের এখনও শেষ হয়নি! স্কুল **বৃহস্পতিবার, 26 জুন, 2025** পর্যন্ত চলবে, এবং প্রতিটি দিনই অর্থবহ শিক্ষা, আনন্দময় উদযাপন, এবং অবিস্মরণীয় স্মৃতি বহন করে।

জুন মাস বছরের একটি বিশেষ সময়। শিক্ষার্থীরা গুরুত্বপূর্ণ শিক্ষা শেষ করছে, বন্ধু-বান্ধব ও শিক্ষকদের সাথে সংযোগ করছে, এবং উদ্দীপনাময় পরিবর্তনের জন্য প্রস্তুত হচ্ছে। আমাদের অসাধারণ কর্মীরা এই শেষ দিনগুলো পার করতে তাদেরকে সহায়তা, উদযাপন, ও পথ-নির্দেশনা দিতে প্রতিটি দিন পাঁশে আছেন। আমরা চাই প্রতিটি শিক্ষার্থী বলিষ্ঠভাবে শেষ করুক!

প্রতিটি দিনই গুরুত্বপূর্ণ। গবেষণায় দেখা গেছে যে, যেসব প্রিন্সুল শিক্ষার্থী নিয়মিতভাবে আর্লি চাইল্ডহুড এডুকেশন (শৈশবকালীন শিক্ষা) প্রোগ্রামে যোগ দেয়, তাদের দ্বিতীয় গ্রেডে পৌঁছতে পৌঁছতে ঘন ঘন ঘন অনুপস্থিত থাকার সম্ভাবনা পাঁচ গুণ কম থাকে। কিভারগার্টেন থেকে শুরু করে, দৃঢ় উপস্থিতির অভ্যাস গ্রেড স্তর অনুযায়ী পড়তে, দীর্ঘমেয়াদী শিক্ষায়তনিক সফলতা, এবং শেষ পর্যায়ে হাই স্কুল গ্র্যাজুয়েশন অর্জনে সহায়তা করে। আমরা এখন যে অভ্যাস গড়ে তুলি তা ভবিষ্যতের দুয়ার খুলে দেয়।

গ্রীষ্মের তাপমাত্রা বৃদ্ধির সময় হয়ে আসলেও, আমাদের স্কুলগুলো শীতল রাখছে—আক্ষরিক অর্থেই এবং রূপকভাবে! আমাদের স্কুলগুলো উপস্থিত হবার জন্য একটি চমৎকার স্থান!

- আমাদের ক্লাসরুমগুলো এয়ার কন্ডিশন সহ শেখার জন্য আরামদায়ক পরিবেশ বজায় রেখে উষ্ণ আবহাওয়ার জন্য প্রস্তুত।
- স্পিরিট উইক আমাদের স্কুলগুলোতে আনন্দ, উদ্যম, ও কমিউনিটির মাধ্যমে পুরোদমে উদযাপিত হচ্ছে।
- এখনও অনেক অভিজ্ঞতা অর্জন বাকি আছে—শেখার এবং আনন্দের এই শেষ দিনগুলো মিস করবেন না!

অত্যন্ত গরমের সময় কীভাবে নিরাপদে থাকা যায় সেবিষয়ে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের আবহাওয়া বিষয়ক জরুরী পরিস্থিতির প্রতিক্রিয়া সংক্রান্ত ওয়েবপেজ (schools.nyc.gov/emergency-readiness) দেখুন। পেজটিতে আসন্ন দিনগুলোতে আবহাওয়া সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্যের জন্য ন্যাশনাল ওয়েদার সার্ভিস-এর একটি লিংকও দেয়া আছে।

আসুন অবশিষ্ট প্রতিটি দিনকেই উল্লেখযোগ্য করে তুলি। আপনার সন্তানকে স্কুলে উপস্থিত করতে আপনার সহায়তা প্রয়োজন হলে সহায়তা দেয়ার জন্য আমরা পাঁশেই আছি। আপনার স্কুলের প্রিন্সিপাল, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপাল, স্কুল কাউন্সিলার, অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন—আপনার সন্তানের শিক্ষা বছরের শেষ অংশটুকু ভালোভাবে সম্পন্ন করতে আমরা একসাথে কাজ করবো।

আপনার সন্তানের শিক্ষায় একজন অংশীদার হবার জন্য ধন্যবাদ। আসুন বছরটি গর্ব, উদ্দেশ্য, এবং প্রচুর আনন্দের মধ্য দিয়ে শেষ করি।

অংশীদারিত্বে,



মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)
চ্যান্সেলর